**Roll No.** | | | | | | | | |

(Write Roll Number from left side exactly as in the Admit Card)

Signature of Invigilator

**Question Booklet Series** **X**

**PAPER–II** **Question Booklet No.**

**Subject Code : 08**

# HISTORY

*Time : 2 Hours* *Maximum Marks: 200*

***Instructions for the Candidates***

1. Write your Roll Number in the space provided on the top of this page as well as on the OMR Sheet provided.
2. At the commencement of the examination, the question booklet will be given to you. In the first 5 (five) minutes, you are requested to open the booklet and verify it:
   (i) To have access to the Question Booklet, tear off the paper seal on the edge of this cover page.
   (ii) Faulty booklet, if detected, should be got replaced immediately by a correct booklet from the invigilator within the period of 5 minutes. Afterwards, neither the Question Booklet will be replaced nor any extra time will be given.
   (iii) Verify whether the Question Booklet No. is identical with OMR Answer Sheet No.; if not, the full set is to be replaced.
   (iv) After this verification is over, the Question Booklet Series and Question Booklet Number should be entered on the OMR Sheet.
3. This paper consists of One Hundred (100) multiple-choice type questions. All the questions are compulsory. Each question carries *two* marks.
4. Each Question has four alternative responses marked: (A) (B) (C) (D). You have to darken the circle as indicated below on the correct response against each question.
   *Example:* (A) (B) ● (D), where (C) is the correct response.
5. Your responses to the questions are to be indicated correctly in the OMR Sheet. If you mark your response at any place other than in the circle in the OMR Sheet, it will not be evaluated.
6. Rough work is to be done at the end of this booklet.
7. If you write your Name, Phone Number or put any mark on any part of the OMR Sheet, except in the space allotted for the relevant entries, which may disclose your identity or use abusive language or employ any other unfair means, such as change of response by scratching or using white fluid, you will render yourself liable to disqualification.
8. Do not tamper or fold the OMR Sheet in any way. If you do so, your OMR Sheet will not be evaluated.
9. You have to return the Original OMR Sheet to the invigilator at the end of the examination compulsorily and must not carry it with you outside the Examination Hall. You are, however, allowed to carry question booklet and duplicate copy of OMR Sheet after completion of examination.
10. **Use only Black Ball point pen.**
11. **Use of any calculator, mobile phone, electronic devices/gadgets etc. is strictly prohibited.**
12. **There is no negative marks for incorrect answer.**

***পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী***

১. এই পৃষ্ঠার উপরিভাগের নির্দিষ্ট স্থানে এবং OMR পত্রের নির্দিষ্ট স্থানে নিজের ক্রমিক সংখ্যা (Roll No.) লিখুন।

২. পরীক্ষার সূচনায় প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) আপনাকে দেওয়া হবে। প্রথম ৫ (পাঁচ) মিনিটেই প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) খুলে নিবিড় ভাবে যাচাই করে নেওয়ার জন্য আপনাকে অনুরোধ করা হচ্ছে ঃ
   (i) প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) উন্মুক্ত করতে প্রচ্ছদ পৃষ্ঠার (Cover Page) প্রান্তস্থ কাগজের সীলটি আপনাকে খুলতে হবে।
   (ii) যদি প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ত্রুটিযুক্ত এমন নির্ধারিত হয়, তাহলে পরীক্ষা শুরুর প্রথম পাঁচ মিনিটের মধ্যে পরীক্ষা পরিদর্শক সেটি সঠিক প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) দ্বারা প্রতিস্থাপিত করে দেবেন। এই সময়ের পর কোনও ভাবে প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) প্রতিস্থাপন করা যাবে না। কোনও অতিরিক্ত সময়ও দেওয়া হবে না।
   (iii) প্রশ্নপত্র-পুস্তিকা (Booklet) এবং OMR পত্রের নম্বর অভিন্ন আছে কিনা যাচাই করে নেবেন। নম্বরে অমিল থাকলে সম্পূর্ণ সেট্‌টি প্রতিস্থাপিত করতে হবে।
   (iv) যাচাই সম্পূর্ণ হলে প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) সিরিজ এবং প্রশ্নপত্র পুস্তিকার (বুকলেট) নম্বর OMR পত্রে লিপিবদ্ধ করতে হবে।

৩. এই পত্রটিতে একশত (১০০)-টি বহুমুখী উত্তরধর্মী প্রশ্ন (Multiple-choice Type Questions) রয়েছে। প্রতিটি প্রশ্নের উত্তর করা আবশ্যিক। প্রতিটি প্রশ্নের মান *দুই*।

৪. প্রতিটি প্রশ্নের উত্তররূপে চারটি বৃত্ত (Circle) চিহ্নিত বিকল্প উত্তর রয়েছে ঃ (A) (B) (C) (D)। নিম্নলিখিত নির্দেশমত আপনাকে সঠিক উত্তরটির বৃত্ত ঘন কালো করতে হবে।
   *উদাহরণ ঃ* (A) (B) ● (D), যেখানে সঠিক উত্তর (C)।

৫. আপনার দেওয়া প্রশ্নের সঠিক উত্তরগুলি যেন OMR পত্রের নির্দিষ্ট স্থানেই দেওয়া হয়। OMR পত্রের নির্দিষ্ট বৃত্তের বাইরে উত্তর দিলে কোনও ভাবেই তা মূল্যায়িত হবে না।

৬. প্রশ্নপত্র-পুস্তিকার (Booklet) শেষ অংশে রাফ কাজ (rough work) করবেন।

৭. OMR পত্রের নির্দিষ্ট স্থানে নির্দিষ্ট তথ্য প্রদান ব্যতীত আপনি যদি অতিরিক্ত কোনও ব্যক্তিগত তথ্য যথা— নাম, ফোন নম্বর লেখেন অথবা এমন কোনও ইঙ্গিত দেন যার দ্বারা আপনার ব্যক্তিগত পরিচয় চিহ্নিত হতে পারে অথবা কোনও অবমাননাকর ভাষার প্রয়োগ হয় অথবা অসৎ কোনও উপায় অবলম্বন করা হয় যথা— আঁচড় দিয়ে বা সাদা কালি দিয়ে উত্তর পরিবর্তনের প্রয়াস করা হয়, সেক্ষেত্রে আপনি আপনার উত্তরপত্র বাতিলের জন্য দায়ী থাকবেন।

৮. OMR পত্রটি কোনও ভাবে ক্ষতিগ্রস্ত করবেন না বা ভাঁজ করবেন না। সেক্ষেত্রে আপনার OMR পত্রটি মূল্যায়িত হবে না।

৯. পরীক্ষা সমাপ্ত হলে আবশ্যিক ভাবে প্রকৃত (Original) OMR পত্রটি পরীক্ষা পরিদর্শককে জমা দিতে হবে এবং কোনও ভাবে এটি পরীক্ষা কক্ষের বাইরে নিজের সঙ্গে বহন করা যাবে না। আপনি অবশ্য পরীক্ষা সমাপ্ত হওয়ার পর প্রশ্নপত্র-পুস্তিকাটি (Booklet) ও OMR পত্রের প্রতিলিপি (Duplicate) কপিটি নিজের সঙ্গে বহন করে নিয়ে যেতে পারবেন।

১০. **শুধুমাত্র কালো বল্ পয়েন্ট পেন ব্যবহার করবেন।**

১১. **কোনও প্রকার ক্যালকুলেটর, মোবাইল ফোন, বৈদ্যুতিন উপকরণের (ডিভাইস/গ্যাজেটস ইত্যাদি) ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ।**

১২. **ভুল উত্তরের জন্য কোনও রকম নেতিবাচক (Negative) নম্বর দেওয়া হবে না।**



**[ Please Turn Over ]**

## Paper II

## (History)

**1.** Which one of the following is *not* a Harappan site?

(A) Chanhudaro

(B) Kot Diji

(C) Sohgaura

(D) Desalpur

**1.** নিম্নলিখিত স্থানগুলির মধ্যে কোনটি হরপ্পার অন্তর্ভুক্ত *নয়*?

(A) চানহুদাড়ো

(B) কোট্ দিজি

(C) সোহগৌর

(D) দেশালপুর

**2.** Kalhana's Rajatarangini was completed in

(A) 1149 C E

(B) 1150 C E

(C) 1151 C E

(D) 1152 C E

**2.** কলহনের রাজতরঙ্গিণীর রচনা শেষ হয়েছিল

(A) 1149 সি ই

(B) 1150 সি ই

(C) 1151 সি ই

(D) 1152 সি ই

**3.** Brahmi script evolved in the sixth century C E into

(A) Siddhamatrika or Kutila Script

(B) Vatteluttu Script

(C) Kshatrapa Script

(D) Aramic Script

**3.** ষষ্ঠ শতাব্দী থেকে যে লিপিতে ব্রাহ্মী লিপির বিবর্তন শুরু হয়

(A) সিদ্ধমাত্রিক লিপি অথবা কুটিলা লিপি

(B) ভাট্টেলুটু লিপি

(C) ক্ষত্রপ লিপি

(D) আরামিয় লিপি

**4.** Memorial stones and their inscriptions in the Andhra region refers to

(A) Mathastambha

(B) Chakra Stambha

(C) Chaya Stambha

(D) Chatur Stambha

**4.** অন্ধ্র অঞ্চলে রাজাদের স্মৃতিফলক এবং লেখমালাগুলিকে বলা হয়

(A) মঠস্তম্ভ

(B) চক্র স্তম্ভ

(C) ছায়া স্তম্ভ

(D) চতুর স্তম্ভ

**5.** Which of the following was *not* a coin of ancient India?

(A) Nishka

(B) Suvarna

(C) Shatamana

(D) Raktika

**5.** নিম্নলিখিত মুদ্রাগুলির মধ্যে কোনটি প্রাচীন ভারতের মুদ্রা *নয়*?

(A) নিষ্ক

(B) সুবর্ণ

(C) শতমন

(D) রক্তিক

**6.** In which of the following Upanishads various parts of the horses body are identified with the cosmos?

(A) Chhandogya Upanishad
(B) Mundaka Upanishad
(C) Brihadaranyaka Upanishad
(D) Katho Upanishad

**7.** Who among the following archaeologists discovered ancient Taxila?

(A) M. Wheeler
(B) C. W. Hales
(C) Rakhaldas Bandyopadhyay
(D) Alexander Cunningham

**8.** The Jaina doctrine Anekantavada refers to

(A) Doctrine of the manifold nature of reality
(B) Doctrine of Advaita Vedanta
(C) Doctrine of manifold reality of nature
(D) Doctrine of Karma

**9.** Which among the following is *not* a Bodhisattava?

(A) Padmapani
(B) Arhant
(C) Manjusri
(D) Vajrapati

**10.** The founder of the Ajivika sect was

(A) Nagarjuna
(B) Mallinath
(C) Gosala Maskariputra
(D) Sthulabhadra

**6.** নিম্নে বর্ণিত কোন উপনিষদে ঘোড়ার দেহের বিভিন্ন অংশকে মহাবিশ্বের সঙ্গে তুলনা করা হয়েছে?

(A) ছান্দোগ্য উপনিষদ
(B) মুণ্ডক উপনিষদ
(C) বৃহদারণ্যক উপনিষদ
(D) কঠোপনিষদ

**7.** নিম্নে বর্ণিত প্রত্নতাত্ত্বিকদের মধ্যে কে প্রাচীন তক্ষশীলার আবিষ্কার করেন?

(A) এম. হুইলার
(B) সি. ডব্ল্যু. হেল্‌স
(C) রাখালদাস বন্দ্যোপাধ্যায়
(D) আলেকজান্ডার কানিংহাম

**8.** জৈন ধর্মে অনেকান্তবাদ তত্ত্ব বলতে বোঝায়

(A) ইহজাগতিক বহুমাত্রিকতার তত্ত্ব
(B) অদ্বৈতবেদান্তের তত্ত্ব
(C) প্রকৃতির বহুমাত্রিক অভিব্যক্তির তত্ত্ব
(D) কর্মফলবাদের তত্ত্ব

**9.** নিম্নে বর্ণিত কোনটি বোধিসত্ত্ব নয়?

(A) পদ্মপাণি
(B) অর্হন্ত
(C) মঞ্জুশ্রী
(D) বজ্রপতি

**10.** আজীবক সম্প্রদায়ের প্রতিষ্ঠাতা হলেন—

(A) নাগার্জুন
(B) মল্লিনাথ
(C) গোসল মস্করিপুত্র
(D) স্থূলভদ্র

**11.** The four varnas are mentioned for the first time in

(A) Prithvi Sukta
(B) Purusa Sukta
(C) Taittiriya Samhita
(D) Vajasaneyi Samhita

**11.** চতুর্বর্ণের প্রথম উল্লেখ পাওয়া যায় যে সূত্রে তা হল

(A) পৃথ্বী সূক্ত
(B) পুরুষ সূক্ত
(C) তৈত্তিরিয় সংহিতা
(D) বাজসনেয়ি সংহিতা

**12.** In which of the following ancient Indian texts, reference to nuns has been made?

(A) Abhidharma Pitaka
(B) Samyutta Nikaya
(C) Sutta Pitaka
(D) Vinay Pitaka

**12.** নিম্নে বর্ণিত কোন প্রাচীন ভারতীয় গ্রন্থে সন্ন্যাসিনীদের উল্লেখ পাওয়া যায়?

(A) অভিধর্ম পিটক
(B) সংযুক্ত নিকায়
(C) সুত্ত পিটক
(D) বিনয় পিটক

**13.** The language of the Rig Veda is very close to that of

(A) Zend Avesta
(B) Sangam Texts
(C) Homer's Epics
(D) Hittite inscription

**13.** ঋক্‌বেদের ভাষা নিম্নোক্ত যে গ্রন্থের খুব কাছাকাছি তা' হল –

(A) জেন আভেস্তা
(B) সঙ্গম যুগের গ্রন্থ
(C) হোমারের মহাকাব্য
(D) হিতাইত্‌ শিলালেখ

**14.** The head of the guild was called

(A) Shreni
(B) Chettis
(C) Nagaram
(D) Jethaka

**14.** গিল্ডের প্রধানকে বলা হত

(A) শ্রেণি
(B) চেট্টিস
(C) নগরম
(D) জেথক

**15.** To whom did Asoka dedicate two caves of Barbara Hills?

(A) Buddhist Monks
(B) Jain Monks
(C) Ajivika Monks
(D) Hindu Monks

**15.** অশোক কাকে বারবারা পর্বতমালার দুটি গুহা উৎসর্গ করেছিলেন?

(A) বৌদ্ধ শ্রমণ
(B) জৈন শ্রমণ
(C) আজীবক শ্রমণ
(D) হিন্দু সন্ন্যাসী

**16.** The Sangam text 'Tolakappiyam' is a work on
(A) Grammar
(B) Medicine
(C) Astronomy
(D) Music

**17.** Who among the following rulers of Pala dynasty was an elected king?
(A) Dharmapala
(B) Mahi pala
(C) Gopal
(D) Dev pala

**18.** To whom did Bindusara request to send some sweet dried figs and sophist?
(A) Antiochus–I
(B) Seleucus Nikator
(C) Ptolemy–III
(D) Antigonus Ganatus

**19.** Which of the following doctrines are based on logic and philosophical knowledge?
(A) Sankhya
(B) Vasistha
(C) Yoga
(D) Mimamsa

**20.** The term 'Stridhana' is first mentioned in which of the following texts?
(A) Shatapatha Brahmana
(B) Sutta Pitaka
(C) Kautilya's Arthashastra
(D) Harshacharita

**16.** সঙ্গম যুগের গ্রন্থ 'তোলাকোপ্পিয়াম'-এর বিষয়বস্তু হল
(A) ব্যাকরণ
(B) ওষুধ
(C) জ্যোতির্বিদ্যা
(D) সঙ্গীত

**17.** নিম্নে লিখিত পাল বংশীয় রাজাদের মধ্যে কে নির্বাচিত রাজা ছিলেন?
(A) ধর্মপাল
(B) মহীপাল
(C) গোপাল
(D) দেবপাল

**18.** বিন্দুসার কাকে শুষ্ক মিষ্টি ডুমুর ও সোফিস্ট পাঠানোর জন্য অনুরোধ করেছিলেন?
(A) প্রথম অ্যান্টিওকাস
(B) সেলুকাস নিকেটর
(C) তৃতীয় টলেমি
(D) অ্যান্তিগোনাস গানাটাস

**19.** নিম্নে বর্ণিত কোন তত্ত্বটি তর্কশাস্ত্র এবং দার্শনিক জ্ঞানের ভিত্তিতে গড়ে উঠেছে?
(A) সাংখ্য
(B) বশিষ্ঠ
(C) যোগ
(D) মীমাংসা

**20.** নিম্নলিখিত কোন গ্রন্থে প্রথম 'স্ত্রীধন' সম্পর্কে উল্লেখ পাওয়া যায়?
(A) শতপথ ব্রাহ্মণ
(B) সুত্ত পিটক
(C) কৌটিল্যের অর্থশাস্ত্র
(D) হর্ষচরিত

**21.** On the basis of his Kshatriya lineage who had claimed a share in the relics of Buddha?

(A) Prasenjit
(B) Chetaka
(C) Ajatashatru
(D) Bindusara

**21.** নিজের ক্ষত্রিয় বংশ কৌলিন্যের ভিত্তিতে কে বুদ্ধের দেহাবশেষের অংশ দাবী করেছিলেন?

(A) প্রসেনজিৎ
(B) চেতক
(C) অজাতশত্রু
(D) বিন্দুসার

**22.** Who among the following rulers assumed the title of 'Vatapikonda' or conqueror of Vatapi?

(A) Narasimhavarman
(B) Pulakeshin–II
(C) Rajendra Chola
(D) King Bhoj

**22.** নিম্নে বর্ণিত কোন রাজা 'বাতাপিকোন্ড' বা বাতাপির বিজেতা হিসেবে ভূষিত হয়েছিলেন?

(A) নরসিংহবর্মণ
(B) দ্বিতীয় পুলকেশী
(C) রাজেন্দ্র চোল
(D) রাজা ভোজ

**23.** Who followed 'Grahana-moksha-anugraha' policies to establish indirect control over the Deccan?

(A) Chandra Gupta–II
(B) Skanda Gupta
(C) Samudra Gupta
(D) Srigupta

**23.** দাক্ষিণাত্যের উপর পরোক্ষ কর্তৃত্ব প্রতিষ্ঠার জন্য কে গ্রহণ-মোক্ষ-অনুগ্রহের নীতি অনুসরণ করেছিলেন?

(A) দ্বিতীয় চন্দ্রগুপ্ত
(B) স্কন্দ গুপ্ত
(C) সমুদ্রগুপ্ত
(D) শ্রীগুপ্ত

**24.** The Pala ruler who granted five villages to the Nalanda monastery by following the instance of Balaputradeva of Sumatra was–

(A) Gopala
(B) Mahi pala
(C) Dharampala
(D) Dev pala

**24.** যে পাল রাজা সুমাত্রার বলপুত্রদেবকে অনুসরণ করে নালন্দা মঠে পাঁচটি গ্রাম দান করেছিলেন তিনি হলেন

(A) গোপাল
(B) মহীপাল
(C) ধর্মপাল
(D) দেবপাল

**25.** The important official next to the king during the Vedic age was—

(A) Gramani
(B) Purohita
(C) Kulopati
(D) Senani

**25.** বৈদিক যুগে রাজার পরেই যিনি গুরুত্বপূর্ণ পদের অধিকারী ছিলেন তিনি হলেন

(A) গ্রামণী
(B) পুরোহিত
(C) কুলপতি
(D) সেনানী

**26.** The conversation between Gargi and Yajnavalkya is mentioned in

(A) Brihadaranyaka Upanishad
(B) Chhandogya Upanishad
(C) Aiterya Upanishad
(D) Katho Upanishad

**26.** গার্গী এবং যাজ্ঞবল্ক্যের মধ্যে কথোপকথন উল্লিখিত হয়েছে

(A) বৃহদারণ্যক উপনিষদে
(B) ছান্দোগ্য উপনিষদে
(C) ঐতেরেয় উপনিষদে
(D) কঠোপনিষদে

**27.** The God of the Shudra in the later Vedic period was known as

(A) Rudra
(B) Prajapati
(C) Agni
(D) Pushan

**27.** বৈদিক যুগের শেষের দিকে শূদ্রদের দেবতা হিসেবে পরিচিত ছিলেন

(A) রুদ্র
(B) প্রজাপতি
(C) অগ্নি
(D) পূষণ

**28.** Who among the following has written a commentary on Manusmriti?

(A) Narada
(B) Brihaspati
(C) Katyayana
(D) Medhatithi

**28.** কে মনুস্মৃতির উপরে একটি ভাষ্য লেখেন?

(A) নারদ
(B) বৃহস্পতি
(C) কাত্যায়ন
(D) মেধাতিথি

**29.** In which year did Alexander cross the Indus river?

(A) 326 BCE
(B) 325 BCE
(C) 327 BCE
(D) 333 BCE

**29.** আলেকজান্ডার কোন বছরে সিন্ধুনদ অতিক্রম করেছিলেন?

(A) 326 খ্রিস্টপূর্বাব্দে
(B) 325 খ্রিস্টপূর্বাব্দে
(C) 327 খ্রিস্টপূর্বাব্দে
(D) 333 খ্রিস্টপূর্বাব্দে

**30.** Which one of the following books describe the love story of the Shunga ruler?

(A) Swapnavasavadatta
(B) Malavikagnimitram
(C) Meghadutam
(D) Ratnavali

**30.** নিম্নে বর্ণিত কোন গ্রন্থে শুঙ্গ রাজার প্রেমকাহিনির উল্লেখ আছে?

(A) স্বপ্নবাসবদত্তা
(B) মালবিকাগ্নিমিত্রম্
(C) মেঘদূতম্
(D) রত্নাবলী

**31.** The Mughal artist Mansur was given a title *Nadirul Asr* (star of the age) by

(A) Akbar
(B) Jahangir
(C) Shahjahan
(D) Abdur Rahim Khan-i-Khana

**31.** মোঘল চিত্রশিল্পী মনসুরকে *নাদিরুল অসর* (যুগের বিশেষ নক্ষত্র) উপাধি দিয়েছেন

(A) আকবর
(B) জাহাঙ্গির
(C) শাহজাহান
(D) আব্দুর রহিম খান-ই-খানা

**32.** The book *A Forgotten Empire* is about

(A) Mauryan Empire
(B) Kushana Empire
(C) Bahmani Kingdom
(D) Vijaynagar Empire

**32.** *এ ফরগটন এম্পায়ার* গ্রন্থের বিষয় হল

(A) মৌর্য সাম্রাজ্য
(B) কুষাণ সাম্রাজ্য
(C) বাহমনি রাজবংশ
(D) বিজয়নগর সাম্রাজ্য

**33.** Who among the following, stated that the *jajmani* system was the basis of the village community?

(A) B. Powell
(B) Henry Maine
(C) Wiser
(D) H. Fukazawa

**33.** নিম্নে বর্ণিত কোন পণ্ডিত বলেছেন যে ভারতীয় গ্রাম সংগঠনের মূল ভিত্তি হল যজমানি ব্যবস্থা?

(A) বি. পাওয়েল
(B) হেনরি মেইন
(C) ওয়াইসর
(D) এইচ. ফুকাযাওয়া

**34.** The thesis of Asiatic Trade Revolution has been first put forward by

(A) Van Leur
(B) Neil Steensgaard
(C) M. Pearson
(D) C. R. Boxer

**34.** এশীয় বাণিজ্য বিপ্লবের তত্ত্ব প্রথম দিয়েছিলেন

(A) ভন লিউর
(B) নিল স্টিনগার্ড
(C) এম. পিয়ারসন
(D) সি. আর. বক্সার

**35.** According to *Ain-i-Akbari*, the *patwari* in Mughal India was

(A) the accountant of the peasants
(B) subordinate employee of the *jagirdar*
(C) a state official to maintain accounts of collection
(D) an official at the level of *pargana*

**35.** *আইন-ই-আকবরী* অনুযায়ী মোঘল ভারতবর্ষে পাটোয়ারি হল

(A) কৃষকদের হিসাবরক্ষক
(B) জায়গিরদারের অধস্তন কর্মচারী
(C) সংগৃহীত অর্থের হিসাবরক্ষাকারী একজন সরকারি আধিকারিক
(D) পরগনা স্তরের একজন আধিকারিক

**36.** The geared water-wheel (Persian Wheel) in India is described for the first time by

(A) Babur
(B) Abul Fazl
(C) Jahangir
(D) Badayuni

**37.** According to Bernier, *jagir* transfers were necessary

(A) for royal control over the empire.
(B) to save agriculture.
(C) for the growth of towns.
(D) for expansion of rural trade.

**38.** W. H. Moreland's estimate of the population of northern India during Akbar's death was

(A) 100 million
(B) 140 million
(C) 125 million
(D) 60 million

**39.** The Mughal emperor who became a disciple of Swami Narayan Singh was

(A) Jahandar Shah
(B) Farrukh Siyar
(C) Muhammad Shah
(D) Ahmad Shah

**40.** Which historian considered history and *Ilm-i Hadis* as *twins*?

(A) Hasan Nizami
(B) Minhaj-us Siraj
(C) Ziauddin Barani
(D) Shams-i-Siraj Afif

**36.** ভারতবর্ষে গতি সঞ্চালক জল-চক্রের (পারস্যের চক্র) প্রথম ব্যাখ্যা করেন

(A) বাবর
(B) আবুল ফজল
(C) জাহাঙ্গির
(D) বাদাউনি

**37.** বর্নিয়ের মতে জায়গির হস্তান্তর ব্যবস্থার প্রয়োজন

(A) সাম্রাজ্যের ওপর রাজকীয় নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার জন্য
(B) কৃষি ব্যবস্থাকে রক্ষা করার জন্য
(C) নগরের বিকাশ সাধনের জন্য
(D) গ্রামীণ ব্যবসার বিস্তারের জন্য

**38.** আকবরের মৃত্যুর সময় ডব্লু. এইচ. মোরল্যান্ড উত্তর ভারতের জনসংখ্যার যে পরিসংখ্যান দিয়েছিলেন তা ছিল

(A) 100 মিলিয়ন
(B) 140 মিলিয়ন
(C) 125 মিলিয়ন
(D) 60 মিলিয়ন

**39.** যে মোঘল সম্রাট স্বামী নারায়ণ সিংহের শিষ্যত্ব গ্রহণ করেছিলেন তিনি হলেন

(A) জাহান্দার শাহ
(B) ফারুক শিয়ার
(C) মহম্মদ শাহ
(D) আহমেদ শাহ

**40.** কোন ঐতিহাসিক ইতিহাস ও ইলম-ই হাদিস কে *একই কালের জাতক* বলে মনে করতেন?

(A) হাসান নিজামি
(B) মিনহাজ উস সিরাজ
(C) জিয়াউদ্দিন বরানি
(D) সামস-ই-সিরাজ আফিফ

**41.** Who came to India pursuing Jalaluddin Mangabarni?
(A) Yalduz
(B) Timur
(C) Chinghez Khan
(D) Shahabuddin Ghori

**41.** জালালউদ্দিন মাঙ্গাবারনিরকে পশ্চাদ্ধাবন করে কে ভারতবর্ষে এসে উপস্থিত হয়েছিলেন?
(A) ইয়ালদুজ
(B) তৈমুর
(C) চেঙ্গিজ খান
(D) শাহাবুদ্দিন ঘোরি

**42.** Which historian claimed to write his book imitating Firdaus?
(A) Minhaj
(B) Barani
(C) Isami
(D) Afif

**42.** কোন ঐতিহাসিক ফিরদৌসের অনুসরণে নিজের গ্রন্থ লিখেছেন বলে দাবি করেন?
(A) মিনহাজ
(B) বারনি
(C) ইসামি
(D) আফিফ

**43.** Who was appointed as *Subehdar* (Governor) of Bengal in 1594 AD?
(A) Man Singh
(B) Sulaiman Khan
(C) Muqarrab Khan
(D) Asaf Khan

**43.** 1594 সালে বাংলার সুবেদার (গভর্নর) হিসাবে কে নিযুক্ত হন?
(A) মান সিং
(B) সুলেমান খান
(C) মুকারব খান
(D) আসফ খান

**44.** The last dynasty of Bengal Sultanate was
(A) Hussain Shahi
(B) Nizam Shahi
(C) Karrani Dynasty
(D) Ilyas Shahi

**44.** বাংলার সুলতানি শাসন ব্যবস্থার শেষ রাজবংশ ছিল
(A) হুসেন শাহি রাজবংশ
(B) নিজাম শাহি রাজবংশ
(C) কররানি রাজবংশ
(D) ইলিয়াস শাহি রাজবংশ

**45.** Which Delhi Sultan preferred consolidation over expansion?
(A) Qutbuddin Aibek
(B) Iltutmish
(C) Nasiruddin Muhamud
(D) Ghiyasuddin Balban

**45.** দিল্লীর কোন সুলতান সম্প্রসারণ অপেক্ষা সুসংগঠিতকরণকে অগ্রাধিকার দিয়েছিলেন?
(A) কুতুবুদ্দিন আইবক
(B) ইলতুৎমিস
(C) নাসিরুদ্দিন মামুদ
(D) গিয়াসুদ্দিন বলবন

**46.** The 'Great Firm Theory' has been advocated by
(A) J. F. Richards
(B) C. F. Bosworth
(C) W. C. Smith
(D) Karen Leonard

**46.** 'গ্রেট ফার্ম (firm)' তত্ত্বের প্রবক্তা ছিলেন
(A) জে. এফ. রিচার্ডস
(B) সি. এফ. বসওয়ার্থ
(C) ডব্লু. সি. স্মিথ
(D) কারেন লেনর্ড

**47.** The Afghan rule in Bengal was established by
(A) Sher Shah
(B) Islam Shah
(C) Daud Khan
(D) Humayun

**47.** বাংলায় আফগান শাসন ব্যবস্থার প্রবর্তন করেছিলেন
(A) শের শাহ
(B) ইসলাম শাহ
(C) দাউদ খান
(D) হুমায়ুন

**48.** The basic philosophy of the Bhakti movement was
(A) to uphold the importance of the deity.
(B) to preach salvation as the primary goal of life.
(C) spiritual world is subtler than material world.
(D) to show intense love for God.

**48.** ভক্তি আন্দোলনের মূল দর্শন হল
(A) বিগ্রহের গুরুত্ব তুলে ধরা
(B) জীবনের মূল লক্ষ্য মুক্তি একথা প্রচার করা
(C) আধ্যাত্মিক জগৎ বস্তুজগতের থেকে সূক্ষ্মতর
(D) ভগবানের প্রতি তীব্র ভালোবাসা প্রদর্শন করা

**49.** Which of the following texts was *not* composed by Mahmud Gawan?
(A) *Raiyat-ul Insha*
(B) *Manazir-ul Insha*
(C) *Diwan-i Asra*
(D) *Munta khab-ul Tawarikh*

**49.** নিম্নে বর্ণিত কোন গ্রন্থটি মামুদ গাওয়ান কর্তৃক রচিত *নয়*?
(A) রিয়াত-উল-ইন্‌সা
(B) মানআজির-উল-ইনসা
(C) দিওয়ান-ই-আসরা
(D) মুন্তাখাব-উল-তারিখ

**50.** Which river acted as a natural boundary between Vijaynagar and Bahmani states?
(A) Tungabhadra
(B) Krishna
(C) Kaveri
(D) Mahanadi

**50.** কোন নদী বিজয়নগর ও বাহমনি সাম্রাজ্যের মধ্যে প্রাকৃতিক সীমারেখা তৈরি করেছিল?
(A) তুঙ্গভদ্রা
(B) কৃষ্ণা
(C) কাবেরী
(D) মহানদী

**51.** Madura Vijayam was composed by
(A) Tirumalamba Devi
(B) Krishna Devaraya
(C) Ganga Devi
(D) Sayana

**51.** মাদুরা বিজয়ম রচনা করেছিলেন
(A) তিরুমালাম্বা দেবী
(B) কৃষ্ণ দেবরায়
(C) গঙ্গা দেবী
(D) সায়ন

**52.** The term 'Veer Panchala' in the Vijaynagar empire meant
(A) Ministers
(B) Artisan class
(C) Cavalrymen
(D) Peasants

**52.** বিজয়নগর সাম্রাজ্যে প্রচলিত 'বীর পাঞ্চালা' শব্দের অর্থ হল
(A) মন্ত্রী
(B) কারিগর সম্প্রদায়
(C) অশ্বারোহী বাহিনী
(D) কৃষক

**53.** Aurangzeb sent Mukarrab Khan against which Maratha ruler?
(A) Shivaji
(B) Sambhaji
(C) Shahuji
(D) Shahji Bhonsle

**53.** ঔরঙ্গজেব কোন মারাঠা শাসকের বিরুদ্ধে মকরব খানকে পাঠান?
(A) শিবাজি
(B) শম্ভুজি
(C) শাহুজি
(D) শাহজি ভোঁসলে

**54.** Shivaji was crowned in
(A) Poona
(B) Konkan
(C) Bijapur
(D) Raigarh

**54.** শিবাজীর রাজ্যাভিষেক হয়েছিল
(A) পুনায়
(B) কোঙ্কনে
(C) বিজাপুরে
(D) রায়গড়ে

**55.** '*Makhfi*' was the pen name of
(A) Guna Begum
(B) Zebun Nisa
(C) Khala Begum
(D) Jina Begum

**55.** মাখ্‌ফি ছদ্মনাম নিয়েছিলেন
(A) গুনা বেগম
(B) জেবুন নিশা
(C) খালা বেগম
(D) জিনা বেগম

**56.** Alberuni came to India along with

(A) Mahmud Ghazni
(B) Muhammad-bin Qasim
(C) Muhammad Ghori
(D) Timur

**56.** আলবেরুনি যার সঙ্গে ভারতবর্ষে এসেছিলেন

(A) মামুদ গজনি
(B) মহম্মদ বিন কাশেম
(C) মহম্মদ ঘোরি
(D) তৈমুর

**57.** The Qila-i Kuhna mosque in Delhi was built by

(A) Sikander Lodi
(B) Babur
(C) Humayun
(D) Sher Shah

**57.** দিল্লীতে কেল্লা-ই-কুহনা মসজিদ গড়ে তুলেছিলেন

(A) সিকন্দর লোদি
(B) বাবর
(C) হুমায়ুন
(D) শের শাহ

**58.** The Sultan who introduced the branding of horses and descriptive rolls in the army was

(A) Iltutmish
(B) Alauddin Khalji
(C) Muhammad-bin Tughluq
(D) Firuzshah Tughluq

**58.** যে সুলতান সৈন্যবাহিনীতে অশ্ব চিহ্নিতকরণ এবং সৈন্যদের বর্ণনামূলক সূচির প্রবর্তন করেন, তিনি হলেন

(A) ইলতুৎমিস
(B) আলাউদ্দিন খলজি
(C) মহম্মদ বিন তুঘলক
(D) ফিরোজশাহ তুঘলক

**59.** Which Sultan issued a copper token currency?

(A) Jalaluddin Khalji
(B) Muhammad-bin Tughluq
(C) Firuzshah Tughluq
(D) Sikander Lodi

**59.** কোন সুলতান তাম্র মুদ্রার প্রচলন করেন?

(A) জালালউদ্দিন খলজি
(B) মহম্মদ বিন তুঘলক
(C) ফিরোজশাহ তুঘলক
(D) সিকন্দর লোদি

**60.** Which Delhi Sultan introduced the Persian court etiquettes?

(A) Qutubuddin Aibek
(B) Iltutmish
(C) Nasiruddin Mahmud
(D) Ghiyasuddin Balban

**60.** দিল্লির কোন সুলতান দরবারে ফার্সি আদব কায়দা চালু করেন?

(A) কুতুবুদ্দিন আইবক
(B) ইলতুৎমিস
(C) নাসিরুদ্দিন মামুদ
(D) গিয়াসুদ্দিন বলবন

**61.** 'The Royal Indian Navy' mutinied on
(A) 18 February, 1946
(B) 20 March, 1946
(C) 7 April, 1946
(D) 4 Januray, 1946

**61.** 'দি রয়াল ইন্ডিয়ান নেভি' কবে বিদ্রোহ করেছিল?
(A) 18 ফেব্রুয়ারি, 1946
(B) 20 মার্চ, 1946
(C) 7 এপ্রিল, 1946
(D) 4 জানুয়ারি, 1946

**62.** In which year did William Wilberforce Bird become the Governor General of India?
(A) 1844 June
(B) 1842 February
(C) 1835 March
(D) 1844 July

**62.** উইলিয়ম উইলবারফোর্স বার্ড কবে ভারতের গভর্নর জেনারেল হন?
(A) জুন, 1844
(B) ফেব্রুয়ারি, 1842
(C) মার্চ, 1835
(D) জুলাই, 1844

**63.** The term *Fitnah* refers to
(A) Co-operation
(B) Friendship
(C) Treason
(D) Conspiracy

**63.** 'ফিত্না' কথাটির অর্থ হল
(A) সহযোগিতা
(B) বন্ধুত্ব
(C) দেশদ্রোহিতা
(D) ষড়যন্ত্র

**64.** During the Second Anglo-Maratha war who said 'We are now complete masters of India and nothing can shake our power, if we take proper measures to confirm it'?
(A) Munro
(B) Lord Wellesley
(C) Lord Castlereagh
(D) Arther Wellesley

**64.** দ্বিতীয় ইঙ্গ মারাঠা যুদ্ধের সময় কে মন্তব্য করেন, 'আমরা এখন সমগ্র ভারতের অধিপতি, আমাদের ক্ষমতা থেকে কেউ অপসারিত করতে পারবে না যদি আমরা উপযুক্ত পদক্ষেপ নিয়ে তা বিধিবদ্ধ করতে পারি'?
(A) মনরো
(B) লর্ড ওয়েলেসলি
(C) লর্ড ক্যাসেলরি
(D) আর্থার ওয়েলেসলি

**65.** The German traveller Baron Carl Von Hugel visited the court of
(A) Ranjit Singh
(B) Tipu Sultan
(C) Hyder Ali
(D) Baji Rao–II

**65.** জার্মান পর্যটক ব্যারন কার্ল ভন হুগেল কার রাজসভায় আসেন?
(A) রঞ্জিত সিংহ
(B) টিপু সুলতান
(C) হায়দার আলি
(D) দ্বিতীয় বাজী রাও

**66.** Who described the Rani of Jhansi as 'The best and bravest military leader of the rebels'?

(A) Sir Hugh Gough
(B) James Outram
(C) Lord Cromer
(D) Lord Canning

**66.** ঝাঁসির রানীকে কে, 'বিদ্রোহীদের মধ্যে শ্রেষ্ঠ বীর ও সামরিক নেতা' রূপে বর্ণনা করেন?

(A) স্যার হিউ গফ
(B) জেমস উট্রাম
(C) লর্ড ক্রোমার
(D) লর্ড ক্যানিং

**67.** Whose trial and death execution was referred to as a 'judicial murder'?

(A) Mohan Prasad
(B) Nand Kumar
(C) Muny Begum
(D) Mangal Pande

**67.** কার বিচার ও মৃত্যুদণ্ডকে 'বিচার ব্যবস্থার হত্যা' বলে উল্লেখ করা হয়?

(A) মোহন প্রসাদ
(B) নন্দ কুমার
(C) মুনি বেগম
(D) মঙ্গল পান্ডে

**68.** Who among the following rulers of the 18th century introduced new systems of calendar, coinage, weights and measures, organized disciplined standing army, built up modern arsenal and promoted sericulture and trade?

(A) Ranjit Singh
(B) Mir Qasim
(C) Saadat Khan
(D) Tipu Sultan

**68.** অষ্টাদশ শতকের কোন শাসক নতুন বর্ষপঞ্জি, মুদ্রা, পরিমাপক বিধির সূত্রপাত ঘটান, স্থায়ী সামরিক বাহিনীর নিয়ম শৃঙ্খলা বৃদ্ধি করে আধুনিক অস্ত্রাগার নির্মাণ করেন, এবং রেশম চাষ ও বাণিজ্যের উন্নতি ঘটান?

(A) রঞ্জিত সিংহ
(B) মির কাশিম
(C) সাদাত খান
(D) টিপু সুলতান

**69.** What are Calicoes?

(A) Indigo exported from India
(B) Cotton exported from India
(C) Textile exported from India
(D) Precious stones exported from India

**69.** ক্যালিকো কী?

(A) ভারত থেকে রপ্তানিজাত নীল
(B) ভারত থেকে রপ্তানিজাত কটন
(C) ভারত থেকে রপ্তানিজাত টেক্সটাইল
(D) ভারত থেকে রপ্তানি করা মূল্যবান পাথর

**70.** In which year was Indian Institute of Science, Bangalore established?

(A) 1909
(B) 1912
(C) 1911
(D) 1910

**70.** কোন বছরে ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ সায়েন্স, বাঙ্গালোর প্রতিষ্ঠিত হয়?

(A) 1909
(B) 1912
(C) 1911
(D) 1910

**71.** The Imperial Forest Research Institute was opened at Dehra Dun in

(A) 1915
(B) 1906
(C) 1918
(D) 1920

**71.** দেরাদুনে দ্য ইম্পিরিয়াল ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউট খোলা হয়েছিল

(A) 1915 সালে
(B) 1906 সালে
(C) 1918 সালে
(D) 1920 সালে

**72.** Nationalization of Insurance companies took place on—

(A) 20th January, 1956
(B) 19th January, 1956
(C) 15th January, 1956
(D) 24th January, 1956

**72.** বীমা কোম্পানীর জাতীয়করণ হয়েছিল

(A) 20 জানুয়ারি, 1956-তে
(B) 19 জানুয়ারি, 1956-তে
(C) 15 জানুয়ারি, 1956-তে
(D) 24 জানুয়ারি, 1956-তে

**73.** When was the first Jute Mill established in India?

(A) 1856
(B) 1888
(C) 1855
(D) 1854

**73.** ভারতে কবে প্রথম চটশিল্পের কারখানা স্থাপিত হয়?

(A) 1856
(B) 1888
(C) 1855
(D) 1854

**74.** Who among the following was *not* associated with Lahore resolution adopted by the Muslim League on 23 March, 1940?

(A) Khizar Hayat Khan
(B) Sikandar Hayat Khan
(C) Fazlul Huq
(D) Khaliquzzaman

**74.** নিম্নলিখিত ব্যক্তিদের মধ্যে লাহোর সংকল্প গ্রহণের সময় (23 মার্চ 1940) মুসলিম লীগের কোন সদস্য জড়িত ছিলেন *না*?

(A) খিজির হায়াত খান
(B) সিকন্দর হায়াত খান
(C) ফজলুল হক
(D) খালিকুজ্জামান

**75.** Who established, The Indian Association for the Cultivation of Science in Calcutta?

(A) J. C. Bose
(B) P. C. Ray
(C) C. V. Raman
(D) Mahendra Lal Sarkar

**75.** দি ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন ফর দি কাল্টিভেশন অফ সায়েন্স কলকাতায়, কে প্রতিষ্ঠা করেন?

(A) জে. সি. বোস
(B) পি. সি. রায়
(C) সি. ভি. রামন
(D) মহেন্দ্রলাল সরকার

**76.** The Maharaja of which of the following states signed the instrument of accession only after a last minute theatrical show of defiance?

(A) Hyderabad
(B) Bhopal
(C) Jaisalmer
(D) Jodhpur

**76.** নিম্নে বর্ণিত কোন রাজ্যের মহারাজা শেষ মুহূর্তে অবজ্ঞাসূচক নাটক করার পর অন্তর্ভুক্তির দলিলে স্বাক্ষর করেন?

(A) হায়দ্রাবাদ
(B) ভোপাল
(C) জয়সলমির
(D) যোধপুর

**77.** Who established in 1936 'Anti-Imperialist Peoples Front' within the Congress?

(A) R. P. Dutt and Ben Bradley
(B) Subhash Chandra Bose and Jotindra Mohan Sengupta
(C) Motilal Nehru and C. R. Das
(D) Phillip Spratt and A. O. Hume

**77.** 1936-এ 'সাম্রাজ্যবাদ বিরোধী জনগণের গোষ্ঠী' কংগ্রেসের অভ্যন্তরে কারা গঠন করেন?

(A) আর পি দত্ত এবং বেন ব্র্যাডলে
(B) সুভাষচন্দ্র বোস এবং যতীন্দ্রমোহন সেনগুপ্ত
(C) মতিলাল নেহেরু এবং সি. আর. দাশ
(D) ফিলিপ স্প্রাট ও এ. ও. হিউম

**78.** Md. Reza Khan was arrested in 1772 because he favoured

(A) British Sovereignty
(B) Indian Sovereignty
(C) Mughal Sovereignty
(D) Indivisible Sovereignty of Bengal

**78.** মহম্মদ রেজা খানকে গ্রেপ্তার করা হয় 1772 সালে কারণ তিনি

(A) ব্রিটিশ সার্বভৌমত্বের পক্ষে ছিলেন
(B) ভারতীয় সার্বভৌমত্বের পক্ষে ছিলেন
(C) মোঘল সার্বভৌমত্বের পক্ষে ছিলেন
(D) বাংলার অবিভক্ত সার্বভৌমত্বের পক্ষে ছিলেন

**79.** Which legislation of India for the first time used the term 'Scheduled Castes'?

(A) Indian Councils Act of 1909
(B) Government of India Act, 1919
(C) Government of India Act, 1935
(D) Constitution of Indian Republic

**79.** ভারতের কোন আইনে প্রথম 'তপশিলিভুক্ত জাতি'র উল্লেখ পাওয়া যায়

(A) ইন্ডিয়ান কাউন্সিলস অ্যাক্ট, 1909
(B) ভারত শাসন আইন, 1919
(C) ভারত শাসন আইন, 1935
(D) প্রজাতান্ত্রিক ভারতের সংবিধানে

**80.** Ahmedabad Textile Labour Association (ATLA) was founded by

(A) Mridula Sarabhai
(B) N. M. Joshi
(C) V. V. Giri
(D) M. K. Gandhi

**80.** আমেদাবাদ সূতিবস্ত্র শ্রমিক সংগঠন (এ. টি. এল. এ.) কে প্রতিষ্ঠা করেন?

(A) মৃদুলা সারাভাই
(B) এন. এম. যোশী
(C) ভি. ভি. গিরি
(D) এম. কে. গান্ধী

**81.** Epigraphy is based on
(A) Inscriptions
(B) Remains of the past
(C) Literary texts
(D) Archival documents

**82.** 'Legends' in Numismatics means
(A) Comparative values of different metals of coins
(B) Names of different coins
(C) Weight of different coins
(D) Words inscribed in the coins

**83.** Who among the following historians considered autobiography as history?
(A) Trevor Roper
(B) A. J. P. Taylor
(C) Thomas Carlyle
(D) Edward Gibbon

**84.** Who questioned the validity of historical knowledge?
(A) Francis Bacon
(B) Rousseau
(C) Rene Decartes
(D) Herder

**85.** Who wrote *Scienza Nova* (The Science of Humanity)?
(A) Vico
(B) Voltaire
(C) Comte
(D) Robinson

**81.** লিপি উৎকীরণ বিদ্যা নির্ভর করে
(A) লিপিমালার ওপর
(B) অতীতের অবশিষ্টাংশের ওপর
(C) সাহিত্যিক গ্রন্থসমূহের ওপর
(D) অভিলেখ্যাগারে সংরক্ষিত নথিপত্রের ওপর

**82.** মুদ্রা বিদ্যায় 'লেজেন্ড' কথাটির অর্থ
(A) বিভিন্ন ধাতুর মুদ্রায় তুলনামূলক মূল্য নির্ধারণ
(B) বিভিন্ন মুদ্রার নাম
(C) বিভিন্ন মুদ্রার ভার
(D) মুদ্রায় উৎকীর্ণ শব্দ

**83.** নিম্নলিখিত ঐতিহাসিকদের মধ্যে কে আত্মজীবনীকে ইতিহাসের অন্তর্ভুক্ত বলে বিবেচনা করেন?
(A) ট্রেভর রোপার
(B) এ. জে. পি. টেলর
(C) থমাস কার্লাইল
(D) এডওয়ার্ড গিবন

**84.** কে ঐতিহাসিক জ্ঞানের বৈধতা নিয়ে প্রশ্ন তুলেছেন?
(A) ফ্রান্সিস বেকন
(B) রুশো
(C) রেনি ডেকার্তে
(D) হার্ডার

**85.** *সায়েঞ্জা নোভা* (দি সায়েন্স অফ হিউম্যানিটি) গ্রন্থটি কে লেখেন?
(A) ভিকো
(B) ভলতেয়ার
(C) কোঁৎ
(D) রবিনসন

**86.** Who first propagated the idea of progress in history?

(A) Condercet
(B) Turgo
(C) J. B. Bury
(D) E. H. Carr

**86.** কে প্রথম ইতিহাসে প্রগতির তত্ত্বের অবতারণা করেন?

(A) কনডারসেট
(B) টুর্গো
(C) জে. বি. বিউরি
(D) ই. এইচ. কার

**87.** Erasmus was a

(A) French humanist
(B) German humanist
(C) Dutch humanist
(D) Scottish humanist

**87.** এরাসমাস ছিলেন একজন

(A) ফরাসি মানবতাবাদী
(B) জার্মান মানবতাবাদী
(C) ওলন্দাজ মানবতাবাদী
(D) স্কটিশ মানবতাবাদী

**88.** Who wrote the book '*Imperialism the Highest Stage of Capitalism*'?

(A) Stalin
(B) Lenin
(C) Trotosky
(D) Gorbachev

**88.** কে '*ইম্পিরিয়ালিজম দ্য হাইয়েস্ট স্টেজ অফ ক্যাপিটালিজম*' গ্রন্থটি লিখেছিলেন?

(A) স্টালিন
(B) লেনিন
(C) ট্রটস্কি
(D) গর্বাচেভ

**89.** The concept of New Imperialism emerged from the

(A) second half of the 18th century
(B) first half of the 19th century
(C) second half of the 19th century
(D) first half of the 20th century

**89.** নয়া সাম্রাজ্যবাদের ধারণার উদ্ভব

(A) অষ্টাদশ শতকের দ্বিতীয়ার্ধে
(B) ঊনবিংশ শতকের প্রথমার্ধে
(C) ঊনবিংশ শতকের দ্বিতীয়ার্ধে
(D) বিংশ শতকের প্রথমার্ধে

**90.** Who wrote '*The Idea of History in a Changing World*'?

(A) Deba Prasad Choudhury
(B) R. G. Collingwood
(C) Romila Thapar
(D) E. H. Carr

**90.** '*দি আইডিয়া অফ হিস্ট্রি ইন এ চেঞ্জিং ওয়ার্ল্ড*' — গ্রন্থটির রচয়িতা কে?

(A) দেবপ্রসাদ চৌধুরী
(B) আর. জি. কলিংউড
(C) রোমিলা থাপার
(D) ই. এইচ. কার

**91.** In which year did the colonial government first introduce income tax in India?

(A) 1840
(B) 1850
(C) 1860
(D) 1870

**92.** Atlantic Charter (August 1941) acknowledges

(A) Right to self determination for all people of the world
(B) Right to self determination for Europeans only
(C) Right to self determination for colonial subjects only
(D) Right to self determination for Africans only

**93.** Who among the following leaders said that he did not want to preside over the liquidation of the British Empire?

(A) Stafford Cripps
(B) Clement Atlee
(C) Mountbatten
(D) Winston Churchill

**94.** Lex-Loci Act (1850) legitimized

(A) The Christian converts to inherit their ancestral property in India
(B) The Christian converts in Britain to inherit their ancestral property in Britain
(C) The Christian converts to enter India
(D) The Christian converts to return back to their motherland

**95.** Who described the main motive of the Partition of Bengal as– Bengal united is a power, Bengal divided will pull in several ways?

(A) Lord Curzon
(B) Lord Morley
(C) Alexander Mackenzie
(D) H. H. Risley

**91.** কোন বছরে ঔপনিবেশিক সরকার ভারতে প্রথম আয়কর প্রচলন করেন?

(A) 1840
(B) 1850
(C) 1860
(D) 1870

**92.** অ্যাটল্যান্টিক চার্টার (আগস্ট 1941) স্বীকৃতি দান করেছিল

(A) বিশ্বের জনগণের আত্মনিয়ন্ত্রণের অধিকার
(B) ইউরোপীয়দের আত্মনিয়ন্ত্রণের অধিকার
(C) কেবলমাত্র ঔপনিবেশিক নাগরিকদের আত্মনিয়ন্ত্রণের অধিকার
(D) কেবলমাত্র আফ্রিকার নাগরিকদের আত্মনিয়ন্ত্রণের অধিকার

**93.** নিম্নে বর্ণিত নেতৃবৃন্দের মধ্যে কে বলেন যে ব্রিটিশ সাম্রাজ্যের নিশ্চিহ্ন হওয়ার তত্ত্বাবধানে তিনি থাকবেন না।

(A) স্ট্যাফোর্ড ক্রিপস
(B) ক্লিমেন্ট এটলি
(C) মাউন্টব্যাটন
(D) উইন্সস্টন চার্চিল

**94.** লেক্স-লকি আইন (1850) বৈধতা দিয়েছিল —

(A) ধর্মান্তরিত খ্রিস্টানদের ভারতে সম্পত্তির উত্তরাধিকারের ক্ষমতাকে
(B) ধর্মান্তরিত খ্রিস্টানদের ব্রিটেনে সম্পত্তির উত্তরাধিকারের ক্ষমতাকে
(C) ধর্মান্তরিত খ্রিস্টানদের ভারতে প্রবেশের অধিকারকে
(D) ধর্মান্তরিত খ্রিস্টানদের মাতৃভূমিতে ফিরে যাওয়ার অধিকারকে

**95.** বঙ্গভঙ্গের মূল উদ্দেশ্য ব্যাখ্যা করতে গিয়ে কে বলেছিলেন — সংযুক্ত বাংলা ক্ষমতার উৎস, বিভক্ত বাংলায় ক্ষমতা নানা দিকে আকৃষ্ট হবে?

(A) লর্ড কার্জন
(B) লর্ড মর্লে
(C) আলেকজান্ডার ম্যাকেঞ্জি
(D) এইচ. এইচ. রিসলে

**96.** Membership of the Governor Generals' executive council in colonial India was extended to the law member through the

(A) Councils Act of 1892
(B) Councils Act of 1861
(C) Charter Act of 1853
(D) Charter Act of 1833

**97.** The first Bengali to qualify the Indian Civil Service Examination was

(A) Surendranath Banerjee
(B) Anandamohan Bose
(C) Gurudas Banerjee
(D) Satyendranath Tagore

**98.** Who established the Swaraj Party after opposing the Indian National Congress?

(A) C. R. Das and Motilal Nehru
(B) Jawaharlal Nehru and Rasbehari Bose
(C) Lala Lajpat Rai and S. C. Bose
(D) Manmatha Nath Gupta and Surendranath Banerjee

**99.** Who attempted to murder Kingsford in Muzaffarpur?

(A) Khudiram Bose
(B) Barindra Ghosh
(C) Narendra Gosain
(D) Bhupendra Dutta

**100.** Who was the editor of *Sambad Prabhakar*?

(A) Iswar Chandra Gupta
(B) Iswar Chandra Vidyasagar
(C) Krishna Mohan Banerjee
(D) Rashik Krishna Mallick

**96.** ঔপনিবেশিক ভারতে গভর্নর জেনারেলদের কার্যনির্বাহী সমিতির সদস্যদের মধ্যে আইন সদস্যকে অন্তর্ভুক্ত করা হয় যে আইনের মাধ্যমে তা হল

(A) কাউন্সিলস অ্যাক্ট, 1892
(B) কাউন্সিলস অ্যাক্ট, 1861
(C) সনদ আইন, 1853
(D) সনদ আইন, 1833

**97.** ইন্ডিয়ান সিভিল সার্ভিস পরীক্ষায় প্রথম উত্তীর্ণ হন যে বাঙালী তিনি হলেন

(A) সুরেন্দ্রনাথ ব্যানার্জী
(B) আনন্দমোহন বোস
(C) গুরুদাস ব্যানার্জী
(D) সত্যেন্দ্রনাথ ঠাকুর

**98.** ভারতীয় জাতীয় কংগ্রেসের বিরোধিতা করে কারা স্বরাজ্য দল গঠন করেন?

(A) সি. আর. দাশ এবং মোতিলাল নেহেরু
(B) জহরলাল নেহেরু এবং রাসবিহারী বোস
(C) লালা লাজপত রায় এবং এস. সি. বোস
(D) মন্মথনাথ গুপ্ত এবং সুরেন্দ্রনাথ ব্যানার্জী

**99.** কিংস্‌ফোর্ডকে মজফ্‌ফরপুরে হত্যা করার চেষ্টা কে করেন?

(A) ক্ষুদিরাম বোস
(B) বারীন্দ্র ঘোষ
(C) নরেন্দ্র গোসাঁই
(D) ভূপেন্দ্র দত্ত

**100.** *সংবাদ প্রভাকর*-এর সম্পাদক কে ছিলেন?

(A) ঈশ্বরচন্দ্র গুপ্ত
(B) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
(C) কৃষ্ণমোহন ব্যানার্জী
(D) রসিককৃষ্ণ মল্লিক

**Space for Rough Work**

**Space for Rough Work**